তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ... কলাম 8

সংবাদ

চসিক মেয়র

# ১০ কোটি টাকায় সাইক্লোন শেল্টারসহ শিক্ষাভবন নির্মাণ হবে

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, সিটি কর্পোরেশন পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শতভাগ ফলাফল অর্জনের লক্ষে সুষ্ঠু পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। তিনি বলেন, আলহাজ মহব্বত আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের পুরাতন ভবনের ওপর নতুন তলা, বাউন্ডারী ওয়াল নির্মাণসহ খালি জায়গায় জাইকার অর্থায়নে ১০ কোটি টাকা ব্যয়ে সাইক্লোন শেল্টারসহ শিক্ষা কার্যক্রমের জন্য ভবন নির্মাণ করা হবে। তিনি আশা করেন, সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা নীতি-নৈতিকতা সম্পন্ন একজন পরিপূর্ণ মানুষ হওয়ার শিক্ষা পাচ্ছে। তিনি বলেন, সার্টিফিকেট অর্জন করা সহজ কিন্তু প্রকৃত মানুষ হওয়া অনেকটা কঠিন। শারীরিক ও মানসিক বিকাশ ঘটিয়ে দেশ ও জাতির প্রতি দায়বদ্ধতা নিয়ে যারা প্রকৃত মানুষ হবে তারাই দেশের সম্পদ হিসেবে পরিগণিত হবে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, দারিদ্র্যতা জয় করার একমাত্র বাহন শিক্ষা ও সুশিক্ষা অর্জন। একজন সুশিক্ষিত যুবক দেশ ও জাতির সম্পদ। গত শনিবার, সকালে পূর্ব মাদারবাড়ি সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় এবং বিকেলে হালিশহর আলহাজ মহব্বত আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ে কৃতী শিক্ষার্থী সংবর্ধনা ও বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মেয়র এ সব কথা বলেন।